

## ■■ শিয়া আকীদা সম্পর্কে ইবন তাইমিয়্যার মিনহাজুস সুন্নাহ থেকে নির্বাচিত কিছু কথা

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর রচয়িতা/সঙ্গলকঃ ইসলামহাউজ.কম

৩০. প্রশ্ন: ইসলামের খিদমতে কবিতার ভূমিকা রয়েছে— সুতরাং তার থেকে আপনারা কোন কিছু প্রমাণ করেন কি?

৩০. উত্তর: [মূল কবিতার উল্লেখসহ বংলা অনুবাদ]:

إذا شئت أن ترضى لنفسك مذهبا
تنال به الزلفى وتنجو من النار
[যখন তুমি তোমার নিজের জন্য কোনো মাযহাবকে পছন্দ করবে,
যার দ্বারা নৈকট্য লাভ করবে এবং মুক্তি পাবে জাহান্নাম থেকে]

فدن بكتاب الله والسنــة التي أتت عن رسول الله من نقل أخيار তাহলে তুমি আল্লাহর কিতাব ও এমন সুন্নাহর নিকটবর্তী হও, যা রাসূলুল্লাহর নিকট থেকে এসেছে শ্রেষ্ঠ ব্যক্তিদের বর্ণনার দ্বারা]

ودع عنك دين الرفض والبدع التي يقودك داعيها إلى النار والعار

[আর তোমার থেকে ঝেড়ে ফেলে দাও রাফেযী ও বিদ'আতের ধর্ম, যার আহ্বায়ক তোমাকে পরিচালিত করবে জাহান্নাম ও অপমানের দিকে]

وسر خلف أصحاب الرسول فإنهم
نجوم هدى في ضوئها يهتدي الساري
আর পথ চল রাসূলের সাহাবীদের পিছনে; কারণ, তাঁরা নিশ্চয়
ধ্রুবতারা, যার আলোতে পথের দিশা পাবে ভ্রমণকারী পথিক]

وعج عن طريق الرفض فهو مؤسس على الكفر تأسيسا على جرف هار আর বিরত থাক রাফেযীদের পথ থেকে; কারণ, তা হয়েছে প্রতিষ্ঠিত



মজবুতভাবে কুফরীর ভীতের উপর, আর এক গর্তের ধ্বংসোন্মুখ কিনারায়]

هما خطتا: إما هدى وسعادة

وإما شقاء مع ضلالة كفار

রাস্তা তো দু'টি: হয় হিদায়াত ও সৌভাগ্যের পথ,

আর না হয় কাফিরদের পথ ভ্রষ্টতার সাথে দুর্ভাগ্যের পথ]

فأي فريقينا أحصق بأمنه

وأهدى سبيلا عند ما يحكم الباري

[সুতরাং আমাদের কোন দলটি তাঁর নিরাপত্তার বেশি হকদার

এবং সুপথ প্রাপ্ত, যখন বারী তা'আলা বিচার-ফায়সালা করবেন]

أمن سب اصحاب الرسول وخالف ال

كتاب ولم يعبأ بثابت أخبـــار

[সেই ব্যক্তি, যে রাসূলের সাহাবীদেরকে গালি দিয়েছে এবং বিরোধিতা করেছে

কিতাবের, আর মনোযোগ দেয়নি হাদিসগুলো প্রতিষ্ঠিত করার ব্যাপারে?]

أم المقتدى بالوحى يسلك منهج ال

صحابة مع حب القرابة الاطهار

[নাকি যে ব্যক্তি ওহীর অনুসরণকারী, পথ চলে পদ্ধতির অনুসরণে

সাহাবীগণের, সাথে রয়েছে রাসূলের নিকটতম পবিত্র লোকদের প্রতি ভালবাসা।]

[ পৃ. ১২৮, ৪র্থ খণ্ড ]।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12663

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন